দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 24 1999 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৩ ...

৪০

# দেশের সর্বাধুনিক ইন্টারন্যাশনাল স্কুলের কার্যক্রম শুরু

স্টাফ রিপোর্টার ঃ ঢাকায় দেশের সর্বাধুনিক ইন্টারন্যাশনাল স্কুল তাদের কার্যক্রম শুরু করেছে।

সাংবাদিক সম্মেলনের মধ্য দিয়ে এই কার্যক্রম উদ্বোধন করা হয়। দেশের বিত্তবান শ্রেণী এবং দেশে অবস্থানকারী বিদেশী নাগরিকদের সন্তানদের জন্য আধুনিক শিক্ষার দ্বার উন্মোচিত করতে সম্পূর্ণ বেসরকারী অর্থায়নে বুসন্ধরায় সাড়ে ৫ একর জমির উপর এই স্কুল প্রতিষ্ঠিত হচ্ছে। ইন্টারন্যাশনাল স্কুলের পরিচালনা থেকে শুরু করে শিক্ষা প্রদান কার্যক্রমের দায়িত্বে থাকবে বিদেশী অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকারা। এছাড়াও এই স্কুল ইউরোপিয়ান কাউন্সিল অব ইন্টারন্যাশনাল স্কুলের আওতাভুক্ত। স্কুলের অন্যান্য সুযোগ-সুবিধার মধ্যে থাকবে গোটা স্কুলে সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং সিস্টেম, পার্ক, সুইমিংপুল, জিমনেশিয়াম, ল্যাবরেটরী ইত্যাদি। এখানে চালু করা হচ্ছে প্রাইমারী, মাধ্যমিক ও ডিপ্লোমা সিস্টেম। স্কুলের ছাত্র-ছাত্রীদের বেতন ধার্য করা হয়েছে বাৎসরিক ২৫০০ ডলার, যা বাংলাদেশী টাকায় প্রায় ১ লাখ ২০ হাজার টাকা।